হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির জুলাই,২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : বর্ণালী পাল

উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ

সভার তারিখ : ১৯ জুলাই ২০২১, সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ২২.০৬.২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	জনাব আক্রাম আলী, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন, গত শুক্রবার ১৬ জুলাই লুকড়া ইউনিয়নের ধলগ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মারামারির ঘটনা ঘটে, পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। উভয়পক্ষের মধ্যে পুনরায় মারামারির আশঙ্কা রয়েছে। তাই পুলিশের নজরদারী রাখার জন্য তিনি প্রস্তাব করেন।	(ক) ধলগ্রামে যাতে পুনরায় মারামারি ঘটনা না ঘটে সেদিকে পুলিশী নজরদারী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(২) চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন, তার ইউনিয়নে ১টি অস্থায়ী গরুর হাট রয়েছে। স্বাস্থ্যবিধি মেনে বাজারটি পরিচালনা করার সর্বাত্মক চেষ্টা করা হবে। তিনি বলেন, ঈদের পরে অবসর সময়ে যাতে জুয়ার আসর না বসে সে দিকে নজর দেয়ার জন্য অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানাকে অনুরোধ জানান।	(খ) জুয়ারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৩) চেয়ারম্যান, ১০ নং লস্করপুর ইউপি বলেন, তার ইউনিয়নে ১টি অস্থায়ী গরুর হাট রয়েছে। স্বাস্থ্যবিধি মেনে বাজারটি পরিচালনা করার জন্য সহযোগিতা করছেন। যারা মাস্কবিহীন লোকজনকে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হচ্ছে।		
		(৪) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, হবিগঞ্জ সদর বলেন, করোনা মোকাবেলায় আসন্ন ঈদুল আজহা উপলক্ষে প্রাণিসম্পদ দপ্তরের মাধ্যমে অনলাইনে গরুর হাটবাজারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত ১০১টি গরু অনলাইনে বিক্রি করা হয়েছে। তিনি সদর উপজেলার হাটবাজারগুলোতে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য গুরুত্বারোপ করেন।	(গ) মাস্ক ব্যবহার ও স্বাস্থ্যবিধি মেনে গরুর হাটসমূহ পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) সংশ্লিষ্ট ইজারাদার/ ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর
		(৫) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় জনসচেতনতা বৃদ্ধি করা দরকার। সংক্রমণ প্রতিরোধে জনসচেতনা বৃদ্ধির পাশাপাশি মোবাইল কোর্ট পরিচালনা		

		করার জন্য তিনি প্রস্তাব করেন।		
		(৬) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর সকলকে ঈদের আগাম শুভেচ্ছা জানিয়ে বলেন, বলেন, করোনা ভাইরাস মোকাবেলায় সকলকে সুরক্ষিত থাকতে হবে। যথাযথভাবে মাস্ক ব্যবহার করা প্রয়োজন। তিনি কোরবানীর গরুর বর্জ্য নির্ধারিত স্থানে ফেলার জন্য অনুরোধ জানান।		
		(৭) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, জুন মাসে হবিগঞ্জ সদর মডেল থানায় মোট ১৬টি মামলা রুজু হয়। ধাপে ধাপে মামলাগুলোর ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সুষ্ঠুভাবে স্বাস্থ্যবিধি মেনে ঈদের জামাত করার জন্য প্রত্যেক ইউনিয়নে বিট অফিসারকে গ্রামে পাঠিয়ে দেয়া হবে। আইন-শৃঙ্খলা স্বার্থে ইউপি চেয়ারম্যানগণকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন, সুন্দরভাবে ঈদ উদযাপন করার লক্ষ্যে টহল কার্যক্রম জোরদার করা হবে। (৮) সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর বলেন, তিনি সদ্য এ উপজেলায় যোগদান করেছেন। সকলের সহযোগিতায় তিনি কাজ করবেন। অদ্যকার সভার সিদ্ধান্ত বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন।	(ঘ) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ ছিনতাইকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সকল ইউনিয়নে নিয়মিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	(ঘ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/ সকল ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর।
		(৯) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, করোনা পরিস্থিতির কারণে এবছর ঈদুল আজহা অন্যভাবে স্বাস্থ্যবিধি মেনে পালন করা হবে। সেলক্ষ্যে ঈদের জামাত ঈদগাহের পরিবর্তে মসজিদে ছোট ছোট জামাত আকারে হবে। গ্রাম পর্যায়েও ঈদগাহে জামাত না করে মসজিদে নামাজ আদায় করার ব্যাপারে সহযোগিতা ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আসন্ন ঈদ সুন্দর ও সফলভাবে উদযাপিত হওয়ার আশাবাদ ব্যক্ত করেন।	(ঙ) স্বাস্থ্যবিধি মেনে বিধি মেনে ঈদের জামাত আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঙ) ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
		(১০) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ বলেন, করোনা ভাইরাসের সংক্রমণ ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। তাই সকলকে সতর্কতা অবলম্বন করতে হবে। তিনি বলেন করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকল কর্মকর্তা ঈদের ছুটিতে না গিয়ে কর্মস্থলে থাকতে হবে। সরকারি নির্দেশনা না মেনে কর্মস্থল ত্যাগ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবে।	(চ) সরকারি নির্দেশনা মোতাবেক সকল কর্মকর্তাকে ঈদের ছুটিতে কর্মস্থলে অবস্থান করতে হবে।	(চ) বিভাগীয় প্রধান (সকল) হবিগঞ্জ সদর
		তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী বিপুল পরিমাণ করোনার ভ্যাকসিন এনেছেন। তাই করোনা পরিস্থিতি মোকাবেলায় সকলকে ভ্যাকসিন গ্রহণ করা প্রয়োজন। তা না হলে করোনা পরিস্থিতি মোকাবেলা করা সম্ভব হবে না। সকলকে সতর্কতা অবলম্বন করা উচিৎ, মাস্ক পরিধান	(ছ) স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধিসহ হাট-বাজারে জাল টাকা চক্রকে দমন করার জন্য ঈদের আগের ২দিন মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ছ) উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি)/অফিসার ইনচার্জ/ইউপি চেয়ারম্যান(সকল) হবিগঞ্জ সদর

		করা ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য জনসচেতনতা বৃদ্ধি করার উপর তিনি গুরুত্বারোপ করেন। হাট-বাজারে জাল টাকা চক্রকে দমন করার জন্য ঈদের আগের ২ দিন মোবাইল কোর্ট পরিচলনা করার পরামর্শ প্রদান করেন।		
		তিনি ঈদের নামাজ ঈদগাহে না করে মসজিদে আদায় করার জন্য উৎসাহিত করার পরামর্শ প্রদান করেন।	(জ) ঈদের জামাত ঈদগাহের পরিবর্তে মসজিদে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(জ) ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর
		ঈদের দিন এবং ঈদের পরের দিন টিনএজ ছেলেরা যাতে ডিজে পার্টি না করে ও রাস্তায় হৈহুল্লা না করে সেজন্য মাইকিং করানোর জন্য ও,সি হবিগঞ্জ সদর মডেল থানাকে নির্দেশনা প্রদান করেন।	(ঝ) ডিজে পার্টি ও রাস্তায় হৈহুল্লা না করার ব্যাপারে মাইকিং করানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ঝ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থান
		মদ,গাঁজা,ইয়াবা ও জুয়ার সাথে জড়িতরা যত শক্তিশালীই হোক না কেন তাদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ঞ) মদ,গাঁজা,ইয়াবা ও জুয়ার সাথে জড়িতদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ঞ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থা
		(১১) সভাপতি বলেন, সকলের সহযোগিতায় সার্বিকভাবে হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো রাখার চেষ্টা করবেন। তিনি করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সবাইকে ঈদ উদযাপন করতে অনুরোধ করেন। করোনা মোকাবেলার অন্যতম উপায় নিজেদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। তাই করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলকে সচেতন হওয়ার পরামর্শ দেন।	(ট) করোনা পরিস্থিতি প্রতিরোধে এবং উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সবাইকে একসাথে কাজ করতে হবে।	(ট) বিভাগীয় প্রধান (সকল)/জনপ্রতিনিধি (সকল), হবিগঞ্জ সদর
		তিনি গ্রাম আদালতের জুন,২০২১ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়,লুকড়া ইউনিয়নে ০৪, রিচি ইউনিয়নে ১১,তেঘরিয়া ইউনিয়নে ১৪, পৈল ইউনিয়নে ০৯, গোপায়া ইউনিয়নে ০৯, রাজিউড়া ইউনিয়নে ১০,নিজামপুর ইউনিয়নে ০১ ও লস্করপুর ইউনিয়নে ০৪ সর্বমোট ৬২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	(ঠ) অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঠ) ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট মামলার সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০৪	-	০৪	-	০৪	
রিচি	০১	১১	-	১১	-	১১	
তেঘরিয়া	০১	১৪	-	১৪	-	১৪	
পৈল	০১	০৯	-	০৯	-	০৯	
গোপায়া	০১	১৪	-	১৪	০৫	০৯	
রাজিউড়া	০১	১০	০১	১১	০১	১০	
নিজামপুর	০১	০৪	-	০৪	০৩	০১	
লস্করপুর	০১	০৪	০১	০৫	০১	০৪	
মোট =	০৮	৭০	০২	৭২	১০	৬২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন

১৯.০৭.২০২১

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২১- ৪০৭ (৪০)

তারিখঃ ১৯ জুলাই ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৭। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
০৮। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

১৯.০৭.২০২১

উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ